দৈনিক বাংলা

তারিখ ... ২৩.৬.৭৪ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 4 ...

042

# ১০০০ কোটি ডলার ধোঁয়া হয়ে উড়ে যাচ্ছে

নিউইয়র্ক, ২২শে জুন (ইউ-এনআই)।— সারাদুনিয়ার ধূমপায়ীরা প্রতিবছরে এক লক্ষ কোটি সিগারেট পান করে থাকেন। এর দাম এক হাজার কোটি ডলার। 'ধূমপান বন্ধ করুন' সংক্রান্ত একটি আন্তর্জাতিক সম্মেলনে একথা জানানো হয়।

তিন দিনব্যাপী এ সম্মেলনের চেয়ারম্যান ডঃ জেরোম সোয়ার্টজ ধূমপান ত্যাগে ইচ্ছুক ব্যক্তিদের সরকারী সাহায্য দানের ব্যবস্থা করার জন্য বিশ্ব রাষ্ট্রবর্গের প্রতি আহ্বান জানান। গতকাল থেকে এখানে এ সম্মেলন শুরু হয়েছে।

বিশ্বস্বাস্থ্য সংস্থা (হু), মার্কিন ক্যান্সার সমিতি ও ক্যান্সারবিরোধী আন্তর্জাতিক ইউনিয়ন যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করে।

তৃতীয় বিশ্বের দেশসমূহে ধূমপান বেড়ে যাওয়ার বিরুদ্ধে ডঃ সোয়ার্টজ হুশিয়ারী উচ্চারণ করেন। এটাকে তিনি বিপজ্জনক ঘটনা বলে উল্লেখ করেন।